

Press Release

Agricultural and Rural Credit Policy Program for the FY 2018-2019

To achieve the prime objectives of sustainable development goals (SDGs) i.e. eradication of poverty, ensure safe and nutritious food; maintain good health for the people of the country Bangladesh Bank has published the annual Agricultural and Rural Credit Policy and Program for the financial year 2018-2019. In this regard, Bangladesh Bank has arranged a press conference at Jahangir Alam Conference Hall of its head office, where deputy governor Mr. S M Moniruzzaman had discussed the main points in brief. Senior officials of Bangladesh Bank and journalist from different media were present during the press conference.

Bangladesh Bank has fixed the agri credit target at 21,800.00 (twenty one thousand and eight hundred) crore taka for the current 2018-2019 fiscal year. The target is approximately 6.86 percent higher than the previous year's target. Considering the increased demand of agricultural and rural credit, disbursement target for the state owned and specialized commercial banks is fixed at 9875.00 crore taka and for the private and foreign commercial banks is fixed at 11,925.00 crore taka.

In the previous financial year (2017-18) all the scheduled commercial banks had disbursed 21,393.55 crore taka which is approximately 105% of the affixed target of the previous year. In the previous year agricultural and rural credit was disbursed among 39,62,508 person in total of which number of women borrower is 15,76,137 who have received 6,309.58 crore taka as credit. In the previous year 30,73,153 small and marginal farmers have received around 15,092 crore taka from different banks. Beside this 30.47 crore taka was disbursed among 8,339 farmers of char, haor and less developed area of the country.

To ensure the food security of the people and to develop a sustainable agricultural credit system, some new concepts have been added to the current agricultural credit policy. Some of them are as below:

- Minimum 10% of agricultural credit disbursement target is required to disburse to the fisheries sector;
- Agricultural credit for floating agriculture system;
- Agricultural credit for the Integrated farming system;
- Agricultural credit for rearing turkey birds;
- Agricultural credit for producing fish through pen system;
- Increasing the credit limit per acre for the crop cultivation.
- If any private commercial bank cannot achieve its target in a financial year, it is required to deposit unachieved portion of the target amount or equivalent to 3% of the unachieved portion of the target.
- If a bank deposit 3% of the unachieved portion of the target and can disburse the unachieved portion fully/partly within next 2 years, the deposited amount will be refunded fully/proportionately; otherwise the deposited amount will not be refundable.

কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

সরকারের কৃষি ও কৃষকবান্ধব নীতির সঙ্গে সঙ্গতি রেখে টেকসই উন্নয়নের নির্ধারিত লক্ষ্যের প্রথম ও প্রধান তিনটি লক্ষ্য তথা দারিদ্র্য বিমোচন, ক্ষুধা মুক্তি এবং সুস্বাস্থ্য অর্জনের উদ্দেশ্যে কৃষি ঋণ সরবরাহের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আজ ২৫ জুলাই, ২০১৮ তারিখে কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। এপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব এস, এম, মনিরুজ্জামান ২০১৮-২০১৯ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির উল্লেখযোগ্য বিষয়াদি সংক্ষেপে আলোকপাত করেন। এ সময় বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক অশোক কুমার দে, কৃষি ঋণ বিভাগের মহাব্যবস্থাপক মনোজ কাশ্মি বৈরাগীসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং দেশের বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

মোট ২১,৮০০.০০ (একুশ হাজার আটশত) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিয়ে চলতি (২০১৮-২০১৯) অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি ঘোষণা করা হয়। চলতি অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বিগত ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় প্রায় ৬.৮৬ শতাংশ বেশি। কৃষি ও পল্লী ঋণের ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় চলতি অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য ৯,৮৭৫.০০ কোটি টাকা এবং বেসরকারী ও বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের জন্য ১১,৯২৫.০০ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বিগত ২০১৭-১৮ অর্থবছরে ব্যাংকসমূহ মোট ২১,৩৯৩.৫৫ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ করেছে, যা মোট লক্ষ্যমাত্রার প্রায় ১০৫%। বিগত অর্থবছরে মোট ৩৯,৬২,৫০৮ জন কৃষি ও পল্লী ঋণ পেয়েছেন, যার মধ্যে ব্যাংকসমূহের নিজস্ব নেটওয়ার্ক ও এমএফআই লিংকজের মাধ্যমে ১৫,৭৬,১৩৭ জন নারী প্রায় ৬,৩০৯.৫৮ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ পেয়েছেন। উক্ত অর্থবছরে ৩০,৭৩,১৫৩ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষি বিভিন্ন ব্যাংক থেকে প্রায় ১৫,০৯২ কোটি টাকা এবং চর, হাওর প্রভৃতি অনগ্রসর এলাকার ৮,৩৩৯ জন কৃষক প্রায় ৩০.৪৭ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ পেয়েছেন। পরিবেশবান্ধব ও টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তুলে জনসাধারণের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণের ক্ষেত্রে উদ্ভূত সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবেলা এবং কৃষকদের নিকট কৃষি ঋণ সহজলভ্য করার লক্ষ্যে বর্তমান নীতিমালা ও কর্মসূচিতে বেশ কিছু যুগোপযোগী বিষয় সংযোজিত হয়েছে। এই নীতিমালার উল্লেখযোগ্য নতুন সংযোজিত বিষয়সমূহ হচ্ছেঃ

- ব্যাংকগুলোর বার্ষিক লক্ষ্যমাত্রার ন্যূনতম ১০ শতাংশ মতস্য সম্পদ খাতে বিতরণের বাধ্যবাধকতা আরোপ;
- ভাসমান পদ্ধতিতে চাষাবাদে ঋণ প্রদান; সমন্বিত কৃষি ব্যবস্থায় ঋণ প্রদান;টার্কি পাখি পালনে ঋণ প্রদান;
- পেন পদ্ধতিতে মাছ চাষে ঋণ প্রদান; শস্য/ফসল খাতে ঋণ বিতরণের জন্য একর প্রতি ঋণ সীমা যৌক্তিক পরিমাণ বৃদ্ধিকরণ; বেসরকারী ব্যাংকসমূহ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হলে অনর্জিত লক্ষ্যমাত্রার সমপরিমাণ অথবা বিকল্পভাবে অনর্জিত লক্ষ্যমাত্রার ৩% হারে হিসাবায়নকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকে জমা রাখতে হবে।
- অনর্জিত লক্ষ্যমাত্রার ৩% হারে অর্থ জমা রাখলে পরবর্তী ২ অর্থবছরের মধ্যে বিগত অর্থবছর/অর্থবছরসমূহের অনর্জিত অর্থ সম্পূর্ণ/আংশিক বিতরণের ক্ষেত্রে সম্পূর্ণ/আনুপাতিক হারে ফেরত প্রদান করা হবে; অন্যথায় উক্ত অর্থ ফেরতযোগ্য হবে না।